[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

ভোটের ফলাফল শেখ হাসিনার প্রতি জনগণের আস্থার প্রতিফলন।

রোববার দুপুরে কুষ্টিয়া সদর উপজেলা পরিষদ অডিটোরিয়ামে ইউনিয়ন পর্যায়ের ২০২১-২২ চক্রের ভিজিডি উপকারভোগী মহিলাদের মধ্যে ভিজিডি কার্ড বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে যোগ দিয়ে তিনি সাংবাদিকদের এসব কথা বলেন।

এসময় তিনি পৌরসভা নির্বাচনে ইভিএম সফটওয়ার নিয়ে ভোট জালিয়াতির সুযোগ আছে’ বিএনপি নেতাদের এমন বক্তব্যের জবাবে হানিফ এমপি বাংলা প্রবাদ উল্লেখ করে বলেন, ‘নাচতে না জানলে উঠোন বাঁকা’।

হানিফ বলেন, বিএনপি’র অভিযোগ সুষ্ঠু নির্বাচন হলে জনগণ তাদের পক্ষে থাকবে। দ্বিতীয় ধাপের পৌরসভা নির্বাচন সকল দলের অংশগ্রহণে অবাধ, সুষ্ঠু এবং উৎসবমুখর পরিবেশে হয়েছে যা দেশের জনগণ মনে রাখবে।

এ সময় কুষ্টিয়ার জেলা প্রশাসক আসলাম হোসেন, সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান আতাউর রহমান আতা, কুষ্টিয়া মহিলা বিষয়ক অধিদপ্তরের উপ-পরিচালক নূরে সফুরা ফেরদৌস ও সদর উপজেলা নির্বাহী অফিসার জবায়ের হোসেন চৌধুরী।

মুজিবনগরে ইমিগ্রেশন চেকপোস্টের সম্ভাব্যতা যাচাইয়ে স্বরাষ্ট্র মন্ত্রনালয়ের প্রতিনিধি দল

মুজিবনগরে স্বাধীনতা সড়ক পরিদর্শন করেছেন স্বরাষ্ট্র মন্ত্রনালয়ের ৫ জনের একটি প্রতিনিধি দল। এসময় সেখানে ইমিগ্রেশন চেকপোস্টের সম্ভাব্যতা যাচাই করেন প্রতিনিধি দলটি।
রবিবার সকালে স্বরাষ্ট্র মন্ত্রনালয় (সুরক্ষা ও ইমিগ্রেশন) অতিরিক্ত সচিব ও দলনেতা আবদুল্লাহ আল মাসুদের নেতৃত্বে

প্রোগ্রামের সমন্বয়কারী (ইমিগ্রেশন-৫)স্বরাষ্ট্র মন্ত্রনালয়ের যুগ্ম সম্পাদক এএসএম জাকির হুসাইন, যুগ্ম সম্পাদক ও পরিচালক (ট্র্যাফিক) এবং বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষের সদস্য মোস্তফা কামাল মজুমদার,(দক্ষিণ এশিয়া) পররাষ্ট্র মন্ত্রনালয়ের সিনিয়র সহকারী সচিব দীন মুহাম্মদ ইমাদুল হক,জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) দ্বিতীয় সচিব আক্তার হোসেন ও (দক্ষিণ এশিয়া -১) পররাষ্ট্র মন্ত্রনালয়ের সহকারী সচিব ইফতেখার আহমেদ স্বাধীনতা সড়কটি পরিদর্শন করেন এবং চেকপোস্টের সম্ভাব্যতা যাচাই করেন। পরিদর্শন কালে মেহেরপুর জেলা প্রশাসক ড.মোহাম্মদ মুনসুর আলম খান,পুলিশ সুপার এসএম মুরাদ আলী, মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকার,সহকারী কমিশনার ভূমি নাজমুল আলম তাদের সঙ্গে ছিলেন।
এর আগে তারা মুজিবনগর সৃতিসৌধে পুষ্পমাল্য অর্পন করা হয়।পুষ্পমাল্য অর্পনকালে ◌্য অর্পন শেষে তিনারা মুজিবনগর স্বাধীনতা সড়ক পরিদর্শন করেন।

মেহেরপুর জেলা ট্রাফিক পুলিশের সতর্কতা অভিযান

মেহেরপুরের বিভিন্ন স্থানে জেলা ট্রাফিক পুলিশের সতর্কতা অভিযান পরিচালনা করা হয়েছে।

রবিবার সকালে মেহেরপুর হোটেল বাজার মোড়ে টি এস আই উত্তম কুমারের নেতৃত্বে এই কার্যক্রম পরিচালনা করা হয়।

এসময় তিনি বলেন, সাম্প্রতিক সময়ে করোনা ভাইরাস (কোভিড-১৯) মহামারীর কারণে রাস্তায় অন্যান্য যানবাহন চলাচল কম থাকায় মেহেরপুর শহরের বিভিন্ন সড়কে বেপরোয়া গতিতে প্রতিযোগিতা করে মোটরসাইকেল চালানোর কারণে সড়ক দুর্ঘটনার সংখ্যা বৃদ্ধি পাচ্ছে।

যার ফলে ঝরে যাচ্ছে মূল্যবান প্রাণ ও পঙ্গুত্ব বরণ করছেন অনেকে। এমতাবস্থায় জনসাধারণের জীবন নিরাপদ রাখতে ও সড়কের শৃঙ্খলা ফেরাতে চেকপোস্টের মাধ্যমে বেপরোয়া গতিতে চালানো মোটরসাইকেল চালকদের

বিরুদ্ধে অভিযান পরিচালনা করা হচ্ছে।

এসময় তিনি আরও বলেন, একটি মোটরসাইকেলে চালক ব্যতীত একজনের বেশী আরোহী বহন না করা, চালক ও আরোহী উভয়েই সঠিকভাবে হেলমেট ব্যবহার করা, বৈধ কাগজপত্র ও ড্রাইভিং লাইসেন্স ব্যতীত মোটরসাইকেল না চালানো, বেপরোয়া গতিতে মোটরসাইকেল না চালানো, উচ্চ শব্দকারী সাইলেন্সর ব্যবহার করে পরিবেশ দূষণ না করা, মোটরসাইকেলের লুকিং গ্লাস ব্যবহার করা এবং উল্টোপথে গাড়ী না চালানো, রাস্তা পারাপারে সতর্কতা, মোবাইল ফোনে কথা বলা অবস্থায় মোটর সাইকেল না চালানোর নির্দেশ দেন।

এসময় আরও উপস্থিত ছিলেন, কনেষ্টেবল চাঁদ মন্ডল।

মুজিবনগরে চাঁদা না দেওয়ায় কৃষকের পেঁয়াজ ক্ষেত কর্তন

মেহেরপুরের মুজিবনগরে চাঁদা না দেওয়ায় ২ বিঘা জমির পেঁয়াজ ক্ষেত কর্তন করেছে দূর্বৃত্তরা।

শুক্রবার দিবাগত রাতে মুজিবনগর উপজেলার রশিকপুর গ্রামের পোতার মাঠে এ ঘটনা ঘটেছে।

চাঁদার দাবীতে ব্যর্থ হয়ে পেঁয়াজ কেটে তছরুপাত করা হয়েছে বলে অভিযোগ করেছেন ফয়জুদ্দিন নামের এক কৃষক। তিনি রশিকপুর গ্রামের মৃত ইমাম আলীর শেখের ছেলে।

কৃষক ফয়জুদ্দীন জানান, সপ্তাহখানেক ধরে মোবাইল ফোনের ০১৯৫১৮২০৫২৩ এবং ০১৭৫৮৮০০১৪৩ এই দুটি নাম্বার থেকে বার বার আমাকে ও আমার পরিবারে সদস্যদের অজ্ঞাত স্থান থেকে সন্ত্রাসী পরিচয় দিয়ে ফোন দিয়ে হুমকা ধামকি দিচ্ছিল এক ব্যক্তি। আমার সাথে ১লক্ষ টাকা চাঁদাও দাবি করে আসছিল। আমি চাঁদা দিতে রাজি না হওয়ায় রাতের অন্ধকারে আমার ১০ কাঠা জমির পেঁয়াজ কেটে নষ্ট করা হয়েছে। এর আগেও রাতে আমার ১০ কাঠা জমির ভূট্টা কলাক্ষেত ও পেয়াজক্ষেত কেটে

দিয়েছে।

আমার পরিবারেল লোকজন ওই নাম্বার দুটি ব্লক করেছে। এখন আমার বাড়ির নাম্বারে ফোন দিয়ে না পেয়ে আমার বাড়ির পাশে আমার বোন জামায়ের নাম্বারে ফোন দিয়ে আমাদের কাছে দিতে বলছে এবং চাঁদার টাকা পরিশোধ করার জন্য বলছে। চাঁদা না দিলে সে আমাদের আরো বড় রকমের ক্ষতি করবে বলে হুমকি দিচ্ছে।

মুজিবনগর থানার ওসি আব্দুল হাশেম জানান, খবর পেয়ে পুলিশের একটিদল ঘটনাস্থল পরিদর্শন করেছে। কৃষক ফয়জুদ্দীনের কাছে মোবাইলফোনের মাধ্যমে সন্ত্রাসীরা টাকা চেয়েছে বলে মৌখিক অভিযোগ পেয়েছি। সন্ত্রাসীদের সনাক্ত করতে পুলিশ কাজ করছে।

চুয়াডাঙ্গায় ট্রেনে কাটা পড়ে বৃদ্ধার মৃত্যু

চুয়াডাঙ্গার জীবননগর উপজেলার উথলী রেলস্টেশনের কাছে ট্রেনে কাটা পড়ে এক বৃদ্ধা মারা গেছেন। দুর্ঘটনাটি ঘটেছে গতকাল শনিবার সকাল পৌনে ১০টার দিকে।

মারা যাওয়া বৃদ্ধা রোমেলা (৮০) চুয়াডাঙ্গা সদর উপজেলার তিতুদহ ইউনিয়নের বড়শলুয়া গ্রামের সবদুল হোসেনের স্ত্রী। রাজশাহী থেকে ছেড়ে আসা খুলনাগামী সাগরদাঁড়ী আন্তঃনগর ট্রেনে কাটা পড়ে তার মৃত্যু হয়।

মারা যাওয়া বৃদ্ধা রোমেলার বোনের ছেলে সবেদ আলী জানান, জীবননগর উপজেলার সেনেরহুদা গ্রামে স্বজনের মৃত্যুর সংবাদ পেয়ে তিনি সেখানে গিয়েছিলেন। ওই গ্রাম থেকে ফেরার মুহূর্তে অসাবধনতাবসত ট্রেনলাইন পেরুনোর সময় তিনি চলন্ত ট্রেনে কাটা পড়েন। তার লাশ সেখান থেকে গ্রামে নিয়ে যাওয়া হয়েছে।

[redacted]

[redacted]

কুষ্টিয়ায় জাল ভোট দিতে গিয়ে দুই কিশোর আটক

কুষ্টিয়ার কুমারখালী পৌরসভা নির্বাচনে জাল ভোট দিতে গেয়ে দুই কিশোর ধরা পড়েছে।

শনিবার সকালে কুমারখালী তেবাড়ীয়া জয়বাংলা প্রাথমিক বিদ্যালয়ের পৌরসভার ৮নং নির্বাচনী কেন্দ্রের ৬নং বুথে জাল স্মার্ট কার্ডের মাধ্যমে ভোট দিতে গিয়ে তারা ধরা পড়ে। পরে তাদের আটক করা হয়।

আটক কিশোররা হলো- কুমারখালী তেবাড়ীয়া গ্রামের দুলালের ছেলে মামুন (১৪) ও লিটনের ছেলে স্বজল (১৬)। তারা জাল স্মার্ট কার্ডের মাধ্যমে ভোট দিতে গিয়ে আটক হয়েছে।

৬ নং বুথের দায়িত্বে থাকা সহকারী প্রিজাইডিং অফিসার খাইরুল ইসলাম জানান, তারা ভোট দিতে এসে স্মার্ট কার্ড দেখালে সেটা জাল বলে প্রতীয়মান হয়। তাদের আটক করে পুলিশে সোপর্দ করা হয়েছে।

এ বিষয়ে নির্বাহী ম্যাজিস্ট্রেট এমএ মুহাইমিন আল জিহান জানান, তারা জাল ভোট দিতে গিয়ে আটক হয়েছে। ভোটগ্রহণ শেষে তাদের বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেওয়া হবে।

আলমডাঙ্গায় শিশু সন্তান রেখে বখাটের হাত ধরে উধাও প্রবাসীর স্ত্রী

ঘরে নাবালক ছেলে সন্তান রেখে এক বখাটের হাত ধরে উধাও হয়েছেন প্রবাসীর স্ত্রী। এ নিয়ে এলাকায় চাঞ্চল্য সৃষ্টি হয়েছে। শিশু

[redacted]

[redacted]

[redacted]

[